

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
অপ্রধান শস্য কর্মসূচি
পল্লী ভবন (৭ম তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.১১.০০১.২৪.৪১

তারিখ: ২২ এপ্রিল ২০২৬ খ্রিঃ।

বিষয়: অপ্রধান শস্য কর্মসূচি'র মাঠ সংগঠক পদে স্থানীয়ভাবে জনবল নিয়োগ সংক্রান্ত চূড়ান্ত নির্দেশনা।

সূত্র: (১) স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৮১.১১.০০১.২৪.১৭; তারিখ: ১৮ এপ্রিল ২০২৪ খ্রিঃ।

(২) স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৮১.১১.০০১.২৪.৬৩; তারিখ: ২৮ আগস্ট ২০২৪ খ্রিঃ।

(৩) স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৮১.১১.০০১.২৪.৩৮; তারিখ: ০৪ মার্চ ২০২৬ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন অপ্রধান শস্য কর্মসূচি বিগত ০১/০১/২০২৪ খ্রিঃ তারিখ হতে দেশের ৬৪ জেলার ২৫৬ উপজেলায় বিআরডিবি'র নিজস্ব কর্মসূচি হিসেবে পরিচালিত হচ্ছে। বিস্তৃত পরিসরের এই কর্মসূচিতে ২৫৬ উপজেলায় ২৫৬ টি মাঠ সংগঠকের পদ রয়েছে। উক্ত ২৫৬ টি মাঠ সংগঠক পদের মধ্যে বর্তমানে ১৭ টি জেলার ২২ টি উপজেলার মাঠ সংগঠক পদ দীর্ঘ দিন যাবৎ শূন্য রয়েছে (মাঠ সংগঠকের পদ শূন্য উপজেলার তালিকা: সংযুক্ত-ক)। অপ্রধান শস্য কর্মসূচির বাস্তবায়ন নীতিমালার ২৮.২ অনুচ্ছেদে মাঠ সংগঠক নিয়োগ বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা রয়েছে এবং এ কাজ সম্পাদনের জন্য নিম্নরূপ কমিটি গঠিত আছে।

মাঠসংগঠক নিয়োগ কমিটি:

- ১। উপপরিচালক, বিআরডিবি (সংশ্লিষ্ট জেলা).....সভাপতি;
- ২। উপজেলা নির্বাহী অফিসার/ প্রতিনিধি.....সদস্য;
- ৩। উপজেলা কৃষি কর্মকর্তা/ প্রতিনিধি.....সদস্য;
- ৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা.....সদস্য;
- ৫। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা.....সদস্য-সচিব।

উপর্যুক্ত কমিটির কার্যপরিধির প্রথম এবং প্রধান কার্যক্রম হচ্ছে: “উপজেলার মাঠ সংগঠকের পদ শূন্য হলে কমিটি অবিলম্বে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে”। এ ধরনের সুস্পষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও উল্লিখিত উপজেলাসমূহে সময়মত মাঠ সংগঠক নিয়োগ না হওয়া খুবই দুঃখজনক এবং দায়িত্বপূর্ণ পদে কর্মরত কর্মকর্তাগণের এ ধরনের উদাসীন দায়িত্ব পালন একবারেই কাম্য নয়। উল্লেখ্য যে, এ বিষয়ে বিভিন্ন সময়ে কর্মসূচির পক্ষ থেকে একাধিকবার অনুরোধ জানানো হলেও তা প্রতিপালিত হয়নি মর্মে জানা গেছে। বর্তমানে সকল শূন্য পদে অনতিবিলম্বে নিয়োগ সম্পন্ন করার জন্য সরকারের তরফ থেকে নির্দেশনা দেয়া হয়েছে।

এমতাবস্থায়, আপনার নিয়ন্ত্রণাধীন অপ্রধান শস্য কর্মসূচি'র কার্যক্রম চলমান উপজেলাসমূহের মধ্যে মাঠসংগঠক পদ শূন্য উপজেলায়/ উপজেলাসমূহে দ্রুততার সহিত জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে নির্দেশনা দেয়া হলো।


মোহাম্মদ মনোয়ার উজ্জ্বল
পরিচালক (সরেজমিন)
বিআরডিবি, ঢাকা।

প্রাপক:

উপপরিচালক

উপপরিচালকের কার্যালয়

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

জেলা: -----(সংশ্লিষ্ট ১৭ টি)।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.১১.০০১.২৪.৪১

তারিখ: ২২ এপ্রিল ২০২৬ খ্রিঃ।


অনুলিপি: (সদয় অবগতির নিমিত্ত/ কার্যার্থে)

১। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: -----(তালিকানুসারে ২২ টি); জেলা: -----(সংশ্লিষ্ট ১৭ টি);

৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত); এবং

৪। অফিস নথি।


মোঃ তাফজেল হোসেন
কর্মসূচি পরিচালক
ফোন: ০২৫৫০১১৭৪৯।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

সংযুক্তি- 'ক'

অপ্রধান শস্য কর্মসূচি


পল্লী ভবন (৭ম তলা)


৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫।

Web: mcpmp.brdb.gov.bd

বিষয়: অপ্রধান শস্য কর্মসূচি'তে মার্চ-২০২৬ ভিত্তিক মাঠসংগঠক পদ শূণ্য উপজেলা ও জেলার তালিকা।

ক্রমিক নং	জেলা	উপজেলা	পদ শূণ্য হওয়ার মাস/বছর	মন্তব্য
১	সিলেট	গোলাপগঞ্জ	আগষ্ট/২০২৪	
২		বিয়ানীবাজার	এপ্রিল/ ২০২৪	
৩	চট্টগ্রাম	সাতকানিয়া	সেপ্টেম্বর/২০২৪	
৪		বোয়ালখালী	সেপ্টেম্বর/২০২৪	
৫	ময়মনসিংহ	ত্রিশাল	অক্টোবর/২০২৪	
৬		ফুলপুর	সেপ্টেম্বর/২০২৫	
৭	বাগেরহাট	ফকিরহাট	জানুয়ারি/২০২৫	
৮		চিতলমারী	জুন/২০২৫	
৯	লালমনিরহাট	হাতিবান্ধা	নভে:/২০২৫	
১০		আদিতমারী	ফেব্রুয়ারী/২৬	
১১	নীলফামারী	ডোমার	নভে:/২০২৫	
১২	রংপুর	পীরগাছা	ফেব্রুয়ারি/২০২৫	
১৩	কুমিল্লা	সদর দক্ষিণ	জানুয়ারি/২০২৪	
১৪	চাঁদপুর	সদর	জানুয়ারি/২০২৫	
১৫	কক্সবাজার	কুতুবদিয়া	সেপ্টেম্বর/২০২৫	
১৬	বরিশাল	গৌরনদী	ফেব্রুয়ারি/২০২৫	
১৭	মুন্সীগঞ্জ	সদর	ডিসেম্বর/২০২৫	
১৮	মানিকগঞ্জ	হরিরামপুর	ডিসেম্বর /২০২৫	
১৯	পিরোজপুর	ভান্ডারিয়া	আগষ্ট/২০২৫	
২০	শেরপুর	নকলা	সেপ্টেম্বর/২০২৫	
২১	সুনামগঞ্জ	দোয়ারাবাজার	মার্চ/২০২৬	
২২	পাবনা	সুজানগর	নভেম্বর/২০২৫	


 ২২/০৪/২৬
 মোঃ মেহেদীন হোসেন
 হিসাবরক্ষণ কর্মকর্তা
 অপ্রধান শস্য কর্মসূচি
 বিআরডিবি, ঢাকা।


 ২২/০৪/২৬
 মোঃ তাফজেল হোসেন
 কর্মসূচি পরিচালক
 অপ্রধান শস্য কর্মসূচি
 বিআরডিবি, ঢাকা।